জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ৩৮(৯)

তারিখ- 06/07/2022

**সভার নোটিশ**

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১২/০৭/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২৩ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।
৩। বস্তির শিশুদের স্কুলগামী করা প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

সভা নং-৯৭

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১২-০৭-২০২২ খ্রিঃ। |
| রোজ | ঃ মঙ্গলবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ- গত ০৯/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ০৯/০৬/২০২২ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা** (PRAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২৩ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

আলোচনাঃ আলোচ্য বিষয়ে আলোচনা কালে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান বলেন, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) নির্দেশনা মোতাবেক জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (PRAP)) বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ বাধ্যবাধকতা রয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে আলোচনা করেন।

মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে খসড়া কর্ম-পরিকল্পনা করে তা পরিবর্তী কমিটি সভায় উপস্থাপন করার বিষয়ে মতামত প্রদান করেন।

মোঃ ওলিউজ্জামান, কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার আগামী ০১ (এক) বছরের জন্য দারিদ্র্যহ্রাসকরন কর্ম-পরিকল্পনা প্রনয়ন বিষয়টি গুরত্বপূর্ণ বিধায় মেয়র মহোদয়ের সাথে সময় নিয়ে আলোচনা করে কর্ম-পরিকল্পনা প্রনয়ন করলে তা বাস্তবায়নের ক্ষেত্রে সহজ হবে।

মোছাঃ শাহানাজ বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী), দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, দারিদ্র্যহ্রাসকরনের অন্যতম হাতিয়ার হলো দরিদ্র মানুষের কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা । আর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য ব্যাপক কর্মসংস্থানমূখী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করতে হবে। তাই কর্ম-পরিকল্পনায় ব্যাপক কর্মসংস্থানমূখী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** ২০২২-২৩ অর্থ বছরে জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে কমিটির সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা করে খসড়া কর্ম-পরিকল্পনা প্রনয়নের জন্য এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান ও UGIIP-III প্রকল্পের এলসিডিএ জনাব মোঃ নুর মোহাম্মদ কে দায়িত্ব প্রদান করা হলো এবং আগামী মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচী- ৩। **বস্তির শিশুদের স্কুলগামী করা প্রসঙ্গে আলোচনা।**

আলোচনাঃ- সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনার সূত্রপাত করলে মোঃ হাসানুজ্জামান উক্ত কমিটির সদস্য সচিব ও সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভায় জানান যে, শিক্ষা ছাড়া কোন জাতির উন্নতি সম্ভব নয়। এখনও বস্তি ও ক্লাস্টার এলাকার কিছু শিশু স্কুলে ভর্তি হয় না। যারা যায় তাদের মধ্যে অনেকে স্কুলে থেকে ঝরে পড়ে। তাই এ ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে। ওয়ার্ড কাউন্সিলরগণ যদি প্রত্যেক ওয়ার্ডে বস্তির শিশুদের স্কুলগামী ও স্কুল থেকে ঝরে পড়া রোধের ব্যাপারে উদ্যোগী হন তাহলে এ সমস্যা অনেকাংশে লাঘব করা সম্ভব হবে। প্রতিটি ওয়ার্ড কাউন্সিলরের নেতৃত্বে বস্তির শিশুদের স্কুলগামী করার জন্য উদ্যোগ গ্রহন করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** দরিদ্র এলাকার শিশুদের স্কুলগামী এবং স্কুলগামী শিশুদের স্কুল থেকে ঝরে পড়া রোধ করার জন্য পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর এবং মাঠকর্মীদের মাধ্যমে ব্যাপক সচেতনতামূলক কর্মসূচী পরিচালনা করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ 84(ন)

তারিখ- 22/09/2022

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১২/০৭/২০২২ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | ~~সহকারী~~ নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | শাহনাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | সমাজ উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |